33

দৈনিক ইনকিলাব

তারিখ 20 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার কোর্সের উদ্বোধন

সম্প্রতি কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় ব্যবস্থপনা বিভাগে কম্পিউটার কোর্সের উদ্বোধন করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান ডঃ মোহাম্মদ মোশারফ হোসেন। এতে ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ হামিদ এবং মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ডঃ মোহাম্মদ আশরাফ আলী। আলোচনায় অংশগ্রহণ করেন পরিকল্পনা ও উন্নয়ন পরিচালক মুহাম্মদ নজরুল ইসলাম, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ডঃ সাইফুল ইসলাম, আইন ও মুসলিম বিধান বিভাগের চেয়ারম্যান মাহবুব-উল-হক জোয়ার্দার, আল-কুরআন ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ডঃ এ এইচ এম ইয়াহইয়ার রহমান ও ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক একরামুল হক।

ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ হামিদ বলেন, আজ কম্পিউটারের যুগ। ইসলামী বিশ্ববিদ্যালয় কম্পিউটার সংযোজনের মধ্য দিয়ে সে যুগেই প্রবেশ করল।